



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৬

০৩ আগস্ট ২০২৬

তারিখঃ -----

১৯ শ্রাবণ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

তফসিলি ব্যাংকসমূহকে প্রদত্ত টিটি ডিসকাউন্টিং সুবিধার বিপরীতে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত চলতি হিসাবের স্থিতি লিয়েন প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখ: ০৬ মার্চ ১৯৯৪, বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ: ০৪ এপ্রিল ১৯৯৯ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২২, তারিখ: ১০ নভেম্বর ১৯৯৯ অনুগ্রহপূর্বক দেখা যেতে পারে।

- ২। সূত্রোক্ত বিআরপিডি সার্কুলার নং-০৫/১৯৯৪ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক এবং যে সকল স্থানে বাংলাদেশ ব্যাংকের শাখা নেই সে সকল স্থানে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি হিসেবে সোনালী ব্যাংক কর্তৃক তফসিলি ব্যাংকসমূহকে সিকিউরিটিজ বন্ধক রাখার মাধ্যমে টিটি ডিসকাউন্টিং সুবিধা প্রদান করবে মর্মে উল্লেখ করা হয়েছে। এছাড়াও, অনিবার্য কারণ বশতঃ কোন ব্যাংকের নিকট উপযুক্ত সিকিউরিটিজ না থাকলে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত তাদের চলতি হিসাবে লিয়েন মার্কপূর্বক টিটি বাট্টা (ডিসকাউন্টিং) সুবিধা গ্রহণ করতে পারবে মর্মে উক্ত সার্কুলারে উল্লেখ করা হয়েছে। বিআরপিডি সার্কুলার লেটার-২২/১৯৯৯ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক তফসিলি ব্যাংকসমূহকে যে পরিমাণ টিটি ডিসকাউন্টিং সীমা মঞ্জুর করবে তার ২০% এর সমপরিমাণ অর্থ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকের চলতি হিসাবে লিয়েনকৃত রাখা এবং উক্ত লিয়েনকৃত পরিমাণ অর্থ সংশ্লিষ্ট ব্যাংকের বিধিবদ্ধ নগদ জমা (CRR) হিসাবায়নে অন্তর্ভুক্ত হবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়। অদ্যাবধি লিয়েনের উল্লিখিত হার প্রতি বছর ১ জুলাই হতে পূর্ববর্তী বছরের টিটি ডিসকাউন্টিং সুবিধা ভোগের গড় হারের ভিত্তিতে নির্ধারিত হয়ে আসছে।
- ৩। বর্তমানে ব্যাংকসমূহের নিকট দৈনন্দিন তারল্য চাহিদা মেটানোর জন্য পর্যাপ্ত পরিমাণে উপকরণ (যেমন কল মানি মার্কেট, রেপো ও SLF সুবিধা, আন্তঃব্যাংক ধার ইত্যাদি) রয়েছে বিধায় বাংলাদেশ ব্যাংকে রক্ষিত চলতি হিসাব লিয়েন মার্কপূর্বক ব্যাংকসমূহকে প্রদত্ত টিটি ডিসকাউন্টিং সুবিধাটির প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হয় না। সাম্প্রতিককালে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত চলতি হিসাবে লিয়েনের মাধ্যমে ব্যাংকসমূহ কর্তৃক গৃহীত সুবিধার পরিমাণ অতি নগণ্য। তাছাড়া ব্যাংকের নির্ধারিত সীমার আওতায় প্রকৃত টিটি ডিসকাউন্টিং না হলেও মঞ্জুরীকৃত পরিমাণের ২০% এর উপর লিয়েন মার্ক ও তা CRR হিসাবায়নে অন্তর্ভুক্ত না হওয়ায় পদ্ধতিটি ব্যাংকের রেগুলেটরী রেশিও'র উপর প্রভাব ফেলছে।
- ৪। এক্ষেপে, সার্বিক বিবেচনায় বাংলাদেশ ব্যাংকে রক্ষিত চলতি হিসাবে লিয়েন মার্কপূর্বক ব্যাংকসমূহকে প্রদত্ত টিটি ডিসকাউন্টিং সুবিধাটি ০১ জুলাই ২০২৬ হতে রহিত করা হলো।
- ৫। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোনঃ ৯৫৩০২৫২